গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
(এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)

নং পবি/সমন্বয়-২/শকসভা/কার্য/৫/২০০৩/১৩১

তারিখঃ ২৯শে বৈশাখ, ১৪১০
১২ই মে, ২০০৩

## প্রজ্ঞাপন

সরকার কর্তৃক দেশে একটি সুষ্ঠু ও সমন্বিত যোগাযোগ ব্যবস্থা ও পরিবহন নীতিমালার আওতায় সড়ক খাতে পরিকল্পিত ও টেকসই উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ইস্যু/সেক্টোর কর্মসূচী চিহ্নিত করা হয়েছে। এর আওতায় দেশের প্রধান, মাধ্যমিক ও গ্রামীণ সড়ক নেটওয়ার্ক উন্নয়নের বিষয়টি সামগ্রিকভাবে পর্যালোচনা করে, সড়ক ও সড়ক অবকাঠামো নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে দেশে বিদ্যমান সকল শ্রেণীর সড়ক পুনঃশ্রেণীকরণপূর্বক সংজ্ঞায়িত করে, নিম্নেবর্ণিতভাবে এগুলোর দায়-দায়িত্ব যথাক্রমে সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর উপর ন্যস্ত করা হলোঃ

ক. দেশের সড়কসমূহের শ্রেণীবিন্যাস[১], সংজ্ঞা ও দায়িত্বপ্রাপ্ত সংস্থার বিবরণ ঃ

| Sl. No | Type | Defination | Ownership and Responsibility |
|---|---|---|---|
| 1. | National Highway | Highways connecting National capital with Divisional HQ/s or sea ports or land ports or Asian Highway. | RHD* |
| 2. | Regional Highway | Highways connecting District HQ/s or main river or land ports or with each other not connected by National Highways. | RHD |
| 3. | Zila Road | Roads connecting District HQ/s with Upazila HQ/s or connecting one Upazila HQ to another Upazila HQ by a single main connection with National/Regional Highway, through shortest distance/route. | RHD |
| 4. | Upazila Road | Roads connecting Upazila HQ/s with Growth Center/s or one Growth Center with another Growth Center by a single main connection or connecting Growth Center to Higher Road System,** through shortest distance/route. | LGED*/ LGI* |
| 5. | Union Road | Roads connecting Union HQ/s with Upazila HQ/s, growth centers or local markets or with each other. | LGED/ LGI |

| Sl. No | Type | Defination | Ownership and Responsibility |
|---|---|---|---|
| 6. | Village Road | a) Roads connecting Villages with Union HQ/s, local markets, farms and ghats or with each other.<br><br>b) Roads within a Village. | LGED/ LGI |

১ উপরে বর্ণিত সড়ক শ্রেণীবিন্যাসের মধ্যে দেশের পৌরসভা ও সিটি কর্পোরেশনভুক্ত সড়কসমূহ অন্তর্ভুক্ত নয়; এ সকল সড়কের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব যথাক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশনগুলোর উপর ন্যস্ত থাকবে।

* RHD-সড়ক ও জনপথ অধিদপ্তর; LGED-স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর; LGI-স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ

** Higher Road System - National Highway, Regional Highway and Zila Road;

**খ. <u>সংজ্ঞা ও শ্রেণীবিন্যাস অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সংস্থার আওতাধীন সড়কসমূহের তালিকা সরকারী গেজেটে প্রকাশ</u> ঃ**

বর্ণিত সংজ্ঞা ও শ্রেণীবিন্যাস অনুযায়ী, দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহের আওতাধীন প্রতিটি সড়কের নাম, অবস্থান, বিবরণ, দৈর্ঘ্য, আইডি নং ইত্যাদি উল্লেখপূর্বক, পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট সড়কসমূহের তালিকা সরকারী গেজেটে প্রকাশ করা হবে। প্রথম ধাপ হিসেবে বর্তমানে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক দাবীকৃত এর আওতাধীন ৩০৮৬ কিঃমিঃ দৈর্ঘ্যের জাতীয় মহাসড়ক ও ১৭৫১ কিঃমিঃ দৈর্ঘ্যের আঞ্চলিক মহাসড়কের বিবরণসম্বলিত তালিকা অবিলম্বে সরকারী গেজেটে প্রকাশ করা হবে।

২। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সড়ক ও জনপথ অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও অন্যান্য সংস্থার সাথে প্রয়োজনে আলাপ-আলোচনাপূর্বক চূড়ান্ত করে বর্ণিত বিষয়ে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(এস এ এস এম তাইফুর)
যুগ্ম-প্রধান

নংঃ পবি/সমন্বয়-২/পকসভা/কার্য/৫/২০০৩/১৩৯/১(২০)

তারিখঃ ২৯শে বৈশাখ, ১৪১০ / ১২ই মে, ২০০৩

**<u>বিতরণঃ</u>**
**<u>কার্যার্থে</u>**

১। সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
৩। সচিব, পরিকল্পনা বিভাগ (এনইসি-একনেক) ও সদস্য, কৃষি, পল্লী প্রতিষ্ঠান ও পানি সম্পদ বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

[ বাংলাদেশ গেজেটের ১ম খণ্ডে, ৬ই নভেম্বর, ২০০৩ইং তারিখে প্রকাশিত ]

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পরিকল্পনা মন্ত্রণালয়

## পরিকল্পনা বিভাগ

নং পবি/সমন্বয়-২/পকসভা/কার্য/এ/২০০৩/১৩৯—সরকার কর্তৃক দেশে একটি সুষ্ঠু ও সমন্বিত যোগাযোগ ব্যবস্থা ও পরিবহন নীতিমালার আওতায় সড়ক খাতে পরিকল্পিত ও টেকসই উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ইস্যু/সংস্কার কর্মসূচী চিহ্নিত করা হয়েছে। এর আওতায় দেশের প্রধান, মাধ্যমিক ও গ্রামীণ সড়ক নেটওয়ার্ক উন্নয়নের বিষয়টি সামগ্রিকভাবে পর্যালোচনা করে, সড়ক ও সড়ক অবকাঠামো নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে দেশে বিদ্যমান সকল শ্রেণীর সড়ক পুনঃশ্রেণীকরণপূর্বক সংজ্ঞায়িত করে, নিম্নবর্ণিতভাবে এগুলোর দায়-দায়িত্ব যথাক্রমে সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর উপর ন্যস্ত করা হলো :—

(ক) দেশের সড়কসমূহের শ্রেণীবিন্যাস, সংজ্ঞা ও দায়িত্বপ্রাপ্ত সংস্থার বিবরণ :

| Sl. No. | Type | Defination | Ownership and Responsibility |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| (1) | National Highhway | Highways connecting National capital with Divisional HQ/s or sea ports or land ports or Asian Highway. | RHD* |
| (2) | Regional Highway | Highways connecting District HQ/s or main river or land ports or with each other not connected by National Highways. | RHD |
| (3) | Zila Road | Roads connecting District HQ/s with Upazila HQ/s or connecting one Upazila HQ to another Upazila HQ by a single main connection with National/Regional Highway, through shortest distance/route. | RHD |
| (4) | Upazila Road | Roads connecting Upazila HQ/s with Growth center/s or one Growth Center with another Growth Center by a single main connection or connecting Growth Center to Higher Road System, ** through shortest distance/route. | LGED*/LGI* |
| (5) | Union Road | Roads connecting Union HQ/s with Upazila HQ/s, growth centers or local markets or with each other. | LGED/LGI |

ghats or with each other.

(b) Roads within a village.

১, উপরে বর্ণিত সড়ক শ্রেণীবিন্যাসের মধ্যে দেশের পৌরসভা ও সিটি কর্পোরেশনভুক্ত সড়কসমূহ অন্তর্ভুক্ত নয়; এ সকল সড়কের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব যথাক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশনগুলোর উপর ন্যস্ত থাকবে।

* RHD সড়ক ও জনপথ অধিদপ্তর; LGED স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ; LGI স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ।

** Higher Road System—National Highway, Regional Highway and Zila Road;

(খ) সংজ্ঞা ও শ্রেণীবিন্যাস অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সংস্থার আওতাধীন সড়কসমূহের তালিকা সরকারী গেজেটে প্রকাশ :

বর্ণিত সংজ্ঞা ও শ্রেণীবিন্যাস অনুযায়ী, দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহের আওতাধীন প্রতিটি সড়কের নাম, অবস্থান, বিবরণ, দৈর্ঘ্য, আইডি নং ইত্যাদি উল্লেখপূর্বক, পরিকল্পনা কমিশনের ভৌত-অবকাঠামো বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট সড়কসমূহের তালিকা সরকারী গেজেটে প্রকাশ করা হবে। প্রথম ধাপ হিসেবে বর্তমানে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক দাবীকৃত এর আওতাধীন ৩০৮৬ কিঃ মিঃ দৈর্ঘ্যের জাতীয় মহাসড়ক ও ১৭৫১ কিঃ মিঃ দৈর্ঘ্যের আঞ্চলিক মহাসড়কের বিবরণসম্বলিত তালিকা অবিলম্বে সরকারী গেজেটে প্রকাশ করা হবে।

২। পরিকল্পনা কমিশনের ভৌত-অবকাঠামো বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সড়ক ও জনপথ অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও অন্যান্য সংস্থার সাথে প্রয়োজনে আলাপ-আলোচনাপূর্বক সিদ্ধান্ত করে বর্ণিত বিষয়ে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এ এস এম তাইফুর
যুগ্ম-প্রধান।

বাঃসঃমুঃ-২০০৩/২০০৪-৩২৯৪জি(কম/এ)-৫০০—১০/১১/০৩।